**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 24-06-24** **Desk in Charge :**

**Time : 7-50 PM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ নব নির্বাচিত সাংসদদের শপথ গ্রহণের মাধ্যমে অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ শুরু হয়েছে। # প্রধানমন্ত্রী, তাঁর সরকারকে তৃতীয়বারের জন্য দেশের সেবা করার সুযোগ দেবার জন্য জনগণকে ধন্যবাদ জানিয়েছেন।

২/ বিধায়ক কাউন্সিলারদের মতো জন প্রতিনিধি ও সরকারি আধিকারিকরা বে আইনিভাবে টাকা তোলায় নাগরিকরা পুর পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন। # তিনি আজ নবান্নে এক বৈঠকে পুর পরিষেবা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। এই বৈঠকের পরই পুর সচিব সঞ্জয় বনসলকে সরিয়ে দেওয়া হয়েছে।

৩/ নিট-এ অনিয়ম এবং দুর্নীতির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী ডাক্তারি ভর্তির পরীক্ষা নেওয়ার দায়িত্ব রাজ্যগুলির হাতে ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন। # বিজেপি প্রশ্ন ফাঁস রুখতে এরাজ্যেও নজরদারি চালানোর আর্জি জানিয়েছে।

৪/ শঙ্কর ঘোষ, বিধানসভায় বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক হয়েছেন।

৫/ রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়েছে।

*********************************************************

নব নির্বাচিত সাংসদদের শপথ গ্রহণের মাধ্যমে অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভার নেতা হিসাবে সর্বপ্রথম শপথ নেন। অধ্যক্ষপ্রতিম ভর্ত্রুহরি মহতাব শ্রী মোদীকে শপথবাক্য পাঠ করান।

এরপর, বিজেপি সাংসদ রাধামহন সিং এবং  ফাগগান সিং কুলাস্তে প্যানেলের চেয়ারপারসন হিসেবে শপথ নিলেও কংগ্রেস সাংসদ কে সুরেশ, ডিএমকে সাংসদ টি আর বালু এবং তৃণমূলের সুদীপ বন্দ্যোপাধ্যায় প্যানেলের চেয়ারপারসন হিসেবে শপথ নেননি।

তারপর শপথ নেন কেন্দ্রীয় মন্ত্রীরা। এরাজ্য থেকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বাংলায় শপথ নেন। এরপর রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের নামের অক্ষরের ভিত্তিতে শপথ গ্রহণ করেন অন্য সাংসদরা।

শপথ গ্রহণ পর্ব আগামীকাল'ও চলবে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তাঁর সরকারকে তৃতীয়বারের জন্য দেশের সেবা করার  সুযোগ দেবার জন্য জনগণকে ধন্যবাদ জানিয়েছেন। তিনি আজ সংসদের বাইরে সাংবাদিকদের বলেন, একে সম্মান দিয়ে তাঁর সরকার বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে, দেশের সেবায়, প্রত্যেককে একসঙ্গে নিয়ে কাজ করবে।

(বাইট- মোদী )

এদিকে, সংসদের অধিবেশনের প্রথম দিনই বিরোধী আইএনডিআইএ সাংসদরা সংবিধানের প্রতিলিপি হাতে সংসদে পৌঁছন। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, ডিএমকে, বাম সহ অন্যান্যরা সংসদভবন চত্বরে জমা হন। উপস্থিত ছিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী, সোনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাড়্গে, ডিএমকে নেতা টি আর বালু, তৃণমূল কংগ্রেসের সুদীপ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায়, কল্যাণ ব্যানার্জী প্রমুখ।

তৃণমূল কংগ্রেস সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়ও সরকারের বিরুদ্ধে অভিযোগ তুলে সংবিধান রক্ষার দাবি জানান। বিভিন্ন ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারকে বাইরে রেখে চুক্তি স্বাক্ষরিত হচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

বিজেপি সাংসদ, শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার জানিয়েছেন, বিরোধীরা বিরোধিতা করবেন এটা স্বাভাবিক। তবে যারা দেশে জরুরী অবস্থা চালু করেছিল তাঁদের কাছ থেকে এহেন আচরণ কাঙ্খিত নয়।

**********************

লোকসভা নির্বাচনের ফল ঘোষণার পরই পশ্চিম বর্ধমানের বারাবনি বিধানসভার কাপিস্টা এলাকার সরিষাতলি গ্রামের বিজেপি যুব মোর্চা নেতা খোকন মহারাজ ও তাঁর স্ত্রীকে মারধরের অভিযোগ খতিয়ে দেখতে দলের নেত্রী আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পাল আজ তাঁর বাড়িতে যান। ঘটনার বিস্তারিত খোঁজ খবর নিয়ে তিনি বারাবনি থানার দায়িত্ব প্রাপ্ত আধিকারিকের সংগে কথা বলেন।

ভোট পরবর্তী হিংসায় রাজ্যের বিভিন্ন জায়গায় তাঁদের দলের কর্মী সমর্থকরা, শাসক দলের আক্রমণের শিকার হচ্ছেন বলে অগ্নিমিত্রা অভিযোগ করেন।

গণতান্ত্রিক দেশে যেখানে সব দলেরই নিজের পছন্দমতো রাজনীতি করার অধিকার রয়েছে, সেখানে কেন বিজেপি কর্মীদের উপর এই ধরণের আক্রমণ চালানো হচ্ছে, সেই প্রশ্ন তোলেন তিনি।

বিধানসভার উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস পুলিশ ও প্রশাসনকে ব্যবহার করে জেতার চেষ্টা করতে পারে বলে, বিজেপি নেতা দিলীপ ঘোষ আশঙ্কা প্রকাশ করেছেন। তিনি আজ উত্তর দিনাজপুরের রায়গঞ্জ বিধানসভার উপনির্বাচনের আগে সেখানে এক কর্মীসভায় বলেন, লোকসভা ভোটের পরেও শাসক দল বিভিন্ন জায়গায় সন্ত্রাস চালাচ্ছে। এখনো অনেক মানুষ ঘরছাড়া। বিজেপি কর্মী সমর্থকদের এব্যাপারে সতর্ক থাকতে হবে। রায়গঞ্জে উপ নির্বাচনের আগে বাড়ি বাড়ি গিয়ে প্রচারের ওপরেও তিনি জোর দেন।

**********************

রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়ন-পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়েছে। নাম প্রত্যাহারের শেষ দিন বুধবার ২৬ শে জুন। ভোট নেওয়া হবে ১০ই জুলাই। গণনা ১৩ ই জুলাই।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জে-১০, উত্তর ২৪ পরগনার বাগদা ও কলকাতার মানিকতলায়-৯'জন করে এবং নদীয়ার রানাঘাট দক্ষিণে- ৭ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এই কেন্দ্রগুলিতে ২৬ শে জুন থেকে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে।

**********************

কোচবিহারের আরো দুটি গ্রাম পঞ্চায়েতে তৃণমূল কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। মেখলিগঞ্জের বাগডোগরা ফুলকাডাবরি ও কুচলিবাড়ী-এই দুটি গ্রাম পঞ্চায়েতের বেশ কয়েকজন বিজেপি ও কংগ্রেসের একজন গ্রাম পঞ্চায়েত সদস্য আজ উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহর নেতৃত্বে শাসক দলে যোগদান করেন।

উল্লেখ্য, এই বাগডোগরা- ফুলকাডাবরি গ্রাম পঞ্চায়েতে বিজেপির-সাত, তৃণমূল কংগ্রেসের- পাঁচ ও এক নির্দল প্রার্থী জয়ী হয়েছিলেন। এর আগে এক নির্দল প্রার্থী তৃণমূলে যোগদান করেন। আজ আরেক বিজেপি সদস্য শাসক দলে যোগ দেওয়ায় তৃণমূলের সংখ্যা বেড়ে দাঁড়ালো সাত এবং বিজেপির কমে হল- ৫ ।

অন্যদিকে কুচলীবাড়ী গ্রাম পঞ্চায়েতে ২১ জনের মধ্যে বিজেপির ১১, তৃণমূলের-৯ এবং কংগ্রেসের একজন সদস্য ছিলেন। কংগ্রেস ও বিজেপির একজন করে তৃণমূলে যোগদান করায় তৃণমূলের সদস্য সংখ্যা বেড়ে হলো-১১ এবং বিজেপি কমে দাঁড়ালো-দশ। ফলে এই দুটি গ্রাম পঞ্চায়েতেই তৃণমূল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করল । বিজেপির সংখ্যালঘু মোর্চার জেলা স্তরের বেশ কয়েকজন নেতাও আজ শাসক দলে যোগদান করেন।

এদিকে, কোচবিহারের তুফানগঞ্জ বিধানসভার অন্তর্গত বিজেপি পরিচালিত গ্রাম পঞ্চায়েতগুলিতে তৃণমূলের বিরুদ্ধে দখলদারির অভিযোগ তুলে আজ ওই দলের

পক্ষ থেকে তুফানগঞ্জ মহকুমা শাসকের দপ্তরে অভিযান চালানো হয়। তুফানগঞ্জ-এর বিজেপি বিধায়িকা মালতি রাভা রায়ের নেতৃত্বে পরে মহকুমা শাসককে এক স্মারকলিপিও দেওয়া হয়। তিনি অভিযোগ করেন, নির্বাচনের ফলাফল ঘোষণার পর থেকেই বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে তালা ঝুলিয়ে দেওয়া হচ্ছে, বিজেপি পঞ্চায়েত সদস্যদের হুমকি দেওয়া হচ্ছে, কর্মীদের মারধর করা হচ্ছে অথচ পুলিশ কোন ব্যবস্থা নিচ্ছে না।

**********************

বিধায়ক, কাউন্সিলারের মত এক শ্রেনীর জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকরা বেআইনি ভাবে টাকা তোলায় বিভিন্ন পুরসভা ও পুরনিগমের নাগরিকরা সাধারন পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। বিভিন্ন পুর পরিষেবার কাজের মান নিয়ে তিনি আজ নবান্ন সংলগ্ন সভাঘরে পুরসভা, পুরনিগমের চেয়ারম্যান, মেয়র, আধিকারিক, পুরমন্ত্রী, সচিব ও পুলিশের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। সেখানে বিভিন্ন পুরসভার কাজ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, এদের জন্য জমি সহ বিভিন্ন সরকারি সম্পত্তি বেদখল হয়ে যাচ্ছে। সরকারের সুনাম নষ্ট হচ্ছে। সঠিক সময়ে জঞ্জাল সাফাই, আলো, রাস্তা, পানীয় জল সরবরাহের পরিবর্তে চারিদিকে বেআইনি নির্মান, জবরদখলে ভরে গিয়েছে বলে তিনি জানান। হাওড়া পুরনিগমের প্রাক্তন মেয়র রথীন চক্রবর্তী ও দমকল মন্ত্রী সুজিত বসুর নাম উল্লেখ করে তিনি বলেন, টাকার বিনিময়ে তারা তাদের এলাকায় অনেক বহিরাগতকে সরকারি জায়গা দখল করে বসিয়ে দিয়েছে। এইধরনের জনপ্রতিনিধিদের সঙ্গে পুলিশ ও মহকুমাশাসকরাও কাটমানি খাচ্ছে বলে তিনি জানান। হাওড়া পুরনিগম এলাকার দূর্নীতি নিয়ে তিনি পুলিশ কমিশনারকে তদন্তের নির্দেশ দেন। যে সব সরকারি আধিকারিক তাদের দায়িত্ব পালন করছেন না তাদের কারন দর্শানোর নোটিশ জারির নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। হাওড়া ও বালি পুরসভাকে দূর্নীতি মুক্ত না করে তিনি সেখানে নির্বাচন করাবেন না বলেও জানিয়েছেন। বিভিন্ন পুরসভা যখন তখন কর বৃদ্ধি করে নাগরিকদের উপরে বোঝা চাপিয়ে দিচ্ছে বলে তিনি জানান। সরকারি অনুমোদন না নিয়েই

অস্থায়ী লোক নিয়োগ করা হচ্ছে বলেও তার অভিযোগ। উন্নয়নের কাজের জন্যে ২০১১ সাল থেকে পুর ও নগরউন্নয়ন দপ্তরকে একান্ন হাজার পাঁচশো কোটি টাকা দেওয়া হলেও অনেক জায়গাতেই তার সঠিক ব্যবহার হয়নি বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। দরপত্র থেকে কাটমানি খাওয়া হচ্ছে বলে জানিয়ে এখন থেকে স্থানীয় ভাবে দরপত ডাকার পরিবর্তে নজরদারির জন্যে কেন্দ্রীয়ভাবে দরপত্র ডাকা হবে বলে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন। এইজন্যে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার নেতৃত্বে একটি কমিটি গঠন করে দেন তিনি। ( বাইট- মমতা ) এখন থেকে সম্পত্তি কর অনলাইনে নেওয়া হবে বলেও তিনি জানিয়েছেন। পাশাপাশি পুরসভা ও পুরনিগমগুলির বোর্ড কেমন কাজ করছে তার জন্যে একটি রিভিউ কমিটি গঠনের কথা বলেন তিনি। যে সব পুরসভা ও নিগমে বর্তমানে পুরবোর্ড নেই সেখানে কিভাবে কাজ করা হবে তা খতিয়ে দেখার জন্যে তিনি মুখ্যসচিবকে নির্দেশ দেন।

এদিকে, পুর বৈঠকের পরেই সরিয়ে দেওয়া হল পুর সচিব সঞ্জয় বনশলকে। নতুন পুর সচিব হলেন বিনোদ কুমার।

**********************

রাজ্য সরকার, বর্তমান সময়ের প্রেক্ষিতে বিভিন্ন এলাকা উন্নয়ন পর্ষদের ভূমিকা নতুন করে খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে আজ বিভিন্ন পুরসভার সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী এই মর্মে নির্দেশ দিয়েছেন।

বৈঠকে তিনি দীঘা-শংকরপুর উন্নয়ন পর্ষদ এবং হলদিয়া উন্নয়ন পর্ষদের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করে বলেন দীঘা এবং হলদিয়ার উন্নয়নের জন্য এখন সেখানে পুরসভা রয়েছে। পঞ্চায়েত রয়েছে, জেলাশাসক রয়েছে। উন্নয়ন পর্ষদগুলিতে বিপুল সংখ্যক লোক ও পরিকাঠামো থাকলেও সকলে ঠিকভাবে ব্যবহার হচ্ছে না, বরং সরকারি অর্থের অপচয় হচ্ছে। সেজন্য তিনি মুখ্য সচিবকে পুনরায় এই উন্নয়ন পর্ষদগুলির প্রয়োজনীয়তা খতিয়ে দেখে রিপোর্ট তৈরি করার নির্দেশ দিয়েছেন। প্রয়োজন না থাকলে আগামী দিনে এই উন্নয়ন পর্ষদগুলি ভেঙে দেওয়া হবে বলেও মুখ্যমন্ত্রী আজ ইঙ্গিত দেন।

**********************

ডাক্তারির সর্বভারতীয় স্নাতক স্তরের প্রবেশিকা পরীক্ষা নিট-এ অনিয়ম এবং দুর্নীতির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ডাক্তারি ভর্তির পরীক্ষা নেওয়ার দায়িত্ব রাজ্যগুলির হাতে ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন। প্রধানমন্ত্রীকে লেখা আজ এক চিঠিতে তিনি দাবি করেন, নিট-এর মতো সম্পূর্ণ কেন্দ্রীয় বন্দোবস্তে রাজ্যগুলির কোনও অধিকার থাকছে না। এই ব্যবস্থায় দেশের যুক্তরাষ্ট্রীয় কাঠামো লঙ্ঘিত হচ্ছে। তাই নিট-এর মাধ্যমে দেশের মেডিক্যাল কলেজগুলিতে ভর্তির বর্তমান বন্দোবস্ত বাতিল করে পুরনো ব্যবস্থা ফিরিয়ে আনার তিনি আর্জি জানিয়েছেন। চিঠিতে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ২০১৭ সালে রাজ্যে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের মাধ্যমে মেডিক্যাল কলেজগুলিতে স্নাতক স্তরে ভর্তি প্রক্রিয়া চলত। পাশাপাশি কেন্দ্রীয়ভাবেও মেডিক্যালে প্রবেশিকা পরীক্ষা হত। সেই পুরনো ব্যবস্থাই পুনরায় ফিরিয়ে আনার তিনি আর্জি জানান। একই সঙ্গে মুখ্যমন্ত্রী জানিয়েছেন এক জন চিকিৎসকের লেখাপড়া এবং ইন্টার্নশিপের জন্য রাজ্য সরকার গড়ে ৫০ লক্ষ টাকা খরচ করে। তাই জয়েন্ট্র এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে মেডিক্যালের পড়ুয়াদের বেছে নেওয়ার অধিকার রাজ্যের হাতেই থাকা উচিত।

এদিকে, NEET ও UGC NET দুর্নীতি ও অনিয়মের অভিযোগে কংগ্রেসের সর্বভারতীয় ছাত্র সংগঠন ন্যাশনাল স্টুডেন্টস ইউনিয়ন অফ ইন্ডিয়া (NSUI) আজ দিল্লির যন্তর মন্তরে প্রতিবাদ ও বিক্ষোভ কর্মসূচি পালন করে। কংগ্রেসের ওই সর্বভারতীয় ছাত্র সংগঠনের সভাপতি বরুন চৌধুরীর নেতৃত্বে ওই বিক্ষোভ কর্মসূচিতে পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদের সভাপতি সৌরভ প্রসাদ সহ পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদের অন্যান্য সদস্য ও নেতৃবৃন্দ অংশ নেন।

নিট-এর প্রশ্ন ফাঁসের জন্য কেন্দ্রকে দায়ী করে দার্জিলিং জেলা ছাত্র পরিষদ আজ শিলিগুড়িতে বিক্ষোভ মিছিলের আয়োজন করে। শিলিগুড়ির হাশমি চক থেকে শুরু হয়ে হিলকার্ট রোড পরিক্রমা করে ফের হাশমি চকে এসে মিছিলটি শেষ হয়।

বীরভূমের রামপুরহাটেও আজ ছাত্র-যুব সমাজের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলা ও NEET, NET দুর্নীতির বিরুদ্ধে এবং মেডিকেল এন্ট্রান্স রাজ্যের হাতে ফিরিয়ে

দেওয়া ও কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে প্রতিবাদ ও অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালিত হয়।

**********************

এদিকে, বিজেপি, পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস রুখতে এরাজ্যেও নজরদারি চালানোর আর্জি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, প্রশ্নপত্র ফাঁসের চক্র বিভিন্ন দেশে, বিভিন্নভাবে, বিভিন্ন নামে সক্রিয়। তাই আগামীদিনে পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পুনরাবৃত্তি রোধে শুধুমাত্র বিশেষ কয়েকটি ক্ষেত্রে নয়, সব রাজ্যেই নজরদারি বাড়াতে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানো হয়েছে।

শ্রী ভট্টাচার্য আরও বলেন, নিট পরীক্ষায় দুর্নীতিতে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে। তাই কোনো পরীক্ষার্থীকই রাস্তায় বসে ধর্না দিতে এবং মাথা কামিয়ে প্রতিবাদ করতে হবে না। এই পরীক্ষায় প্রশ্নফাঁসের ঘটনায় সিবিআই তদন্ত দ্রুত চালাবারও আবেদন জানিয়ে শমীকবাবু বলেন, অন্য পরীক্ষাগুলিতেও যাতে এই ধরনের ঘটনা না ঘটে, কোন মেধাবী যাতে প্রতারিত না হয় এবং পরীক্ষার্থীরা মেধার ভিত্তিতে যাতে তালিকাভুক্ত হয় তা দেখতে কেন্দ্রীয় সরকার বদ্ধপরিকর। সরকার সব ধরনেরই সদর্থক পদক্ষেপ নিয়েছে।

**********************

বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ বিধানসভায় বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক হয়েছেন। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ চিঠি দিয়ে এই পদে স্বীকৃতি দেন। শ্রী ঘোষ, মনোজ টিজ্ঞার স্থলাভিষিক্ত হলেন।

উল্লেখ্য, সম্প্রতি লোকসভা নির্বাচনে আলিপুরদুয়ার আসনে মনোজ টিজ্ঞা জয়লাভ করে সাংসদ নির্বাচিত হন। ফলে বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক পদটি খালি হয়ে যায়।

************************************************************